গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-৫ শাখা।
(www.moestab.gov.bd)

## পরিপত্র

নং- ০৫.১৪১.০০৫.০০.০০.০২০.২০১০-৩৫৪

তারিখ ঃ ১৬ পৌষ, ১৪১৭ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর, ২০১০ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়ন/বদলি সংক্রান্ত নির্দেশনা।**

মাঠ প্রশাসনে গতিশীলতা আনয়ন ও সুষ্ঠু জনবল ব্যবস্থাপনার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়ন/বদলির একটি সুনির্দিষ্ট নির্দেশনা প্রণয়নের প্রয়োজন অনুভূত হওয়ায় বিষয়টি পর্যালোচনা করে নিম্নরূপ নির্দেশনা জারী করা হলো ঃ

(ক) সংস্থাপন মন্ত্রণালয় উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়নের জন্য ফিটলিস্ট প্রণয়ন করবে এবং ফিটলিস্টভুক্ত সকল কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানপূর্বক শূন্য পদের ভিত্তিতে উপজেলায় পদায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে পর্যায়ক্রমে ন্যস্ত করবে।

(খ) পদায়নের জন্য ন্যস্তকৃত কর্মকর্তাবৃন্দ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে যোগদান করার অনধিক ৩(তিন) কার্যদিবসের মধ্যে তাদেরকে উপজেলায় পদায়ন করতে হবে।

(গ) কোন উপজেলা নির্বাহী অফিসারকে জনস্বার্থে আন্তঃবিভাগীয় বদলির প্রয়োজন হলে সংস্থাপন মন্ত্রণালয় উক্ত কর্মকর্তাকে কর্মরত বিভাগ হতে প্রত্যাহারপূর্বক প্রস্তাবিত বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ন্যস্ত করবে।

(ঘ) কোন কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে অথবা অন্য কোন প্রশাসনিক কারণে বিভাগ হতে প্রত্যাহারের প্রয়োজন হলে বিভাগীয় কমিশনার যৌক্তিকতাসহ প্রত্যাহারের প্রস্তাব সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। সংস্থাপন মন্ত্রণালয় সার্বিক দিক বিবেচনাপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

(ঙ) বদলিকৃত কর্মকর্তার নতুন কর্মস্থলে যোগদানে যুক্তিসঙ্গত কোন সমস্যা থাকলে তিনি উক্ত বদলির আদেশ স্থগিত বা পরিবর্তন বা সংশোধন করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার বরাবরে আবেদন করতে পারবেন এবং কমিশনার উক্ত আবেদন পরীক্ষা করে যথাসম্ভব দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করবেন।

(চ) শারীরিক অসুস্থতা যা উন্নত চিকিৎসার দাবি রাখে বা নৈতিক স্খলনজনিত বা সুনির্দিষ্ট/যুক্তিসঙ্গত কারণ ব্যতীত কোন উপজেলা নির্বাহী অফিসারকে ২(দুই) বছর পূর্ণ হবার পূর্বে আন্তঃ জেলা বদলি করা যাবে না এবং ৩(তিন) বছরের অধিককাল কোন কর্মকর্তাকে একই কর্মস্থলে পদায়িত রাখা যাবে না। তবে কোন অনিবার্য কারণে/প্রশাসনিক কারণে বিভাগীয় কমিশনার কোন উপজেলা নির্বাহী অফিসারকে বর্তমান কর্মস্থলে ২(দুই) বছর পূর্ণ হবার পূর্বে জনস্বার্থে অন্য উপজেলায় বদলি করতে পারবেন। এ ক্ষেত্রে বিভাগীয় কমিশনার বদলির ৭(সাত) কার্য দিবসের মধ্যে বদলির কারণ উল্লেখপূর্বক একটি প্রতিবেদন সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

(ছ) পার্বত্য এলাকা এবং সরকার ঘোষিত দুর্গম এলাকায় কোন কর্মকর্তাকেই উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সাধারণভাবে ২(দুই) বছরের অধিক সময় পদায়িত রাখা যাবে না। তবে কর্মকর্তাদের আবেদনের প্রেক্ষিতে অথবা অন্যকোন যুক্তিসঙ্গত কারণে বিভাগীয় কমিশনার উক্ত সময়ের অধিককাল পদায়িত রাখতে পারবেন। তবে তা কোন ক্রমেই ৩(তিন) বছরের অধিক হবে না।

(জ) কোন উপজেলা নির্বাহী অফিসার-কে একই জেলাধীন অন্য উপজেলায় বদলি করা যাবে না। বিশেষ পরিস্থিতিতে কোন উপজেলা নির্বাহী অফিসারকে বিভাগীয় কমিশনারের অধিক্ষেত্রের মধ্যে অন্য জেলাধীন কোন উপজেলায় বদলি করা যাবে।

অপর পাতায় দ্রষ্টব্য

(ঝ) যে সব উপজেলা নির্বাহী অফিসার এর উপজেলা নির্বাহী অফিসার হিসেবে চাকুরীর মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হবে তাদের তালিকা বিভাগীয় কমিশনার সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। সংস্থাপন মন্ত্রণালয় তাদেরকে মাঠ প্রশাসন হতে প্রত্যাহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। কোন কর্মকর্তাকে সর্বমোট ০৫(পাঁচ) বছরের অধিক উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়িত রাখা যাবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে চাকুরির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার ৩০(ত্রিশ) কার্যদিবস পূর্বে লিখিতভাবে বিভাগীয় কমিশনারকে অবহিত করবেন। সংস্থাপন মন্ত্রণালয় উপজেলা নির্বাহী অফিসারদের Data Base হালানাগাদ অবস্থায় সংরক্ষণ করবে।

(ঞ) কোন কর্মকর্তাকে তাঁর নিজ জেলা এবং স্পাউসের জেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে বদলি/পদায়ন করা যাবে না। কর্মকর্তা পূর্বে যে উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কর্মরত ছিলেন সে উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে বদলি করা যাবে না। কোনো কর্মকর্তার স্পাউস সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরিতে নিয়োজিত থাকলে উক্ত কর্মকর্তাকে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নকালে তার স্পাউস এর কর্মস্থলে বা নিকটবর্তী কোন উপজেলায় পদায়নের বিষয়টি যতদূর সম্ভব বিবেচনা করা যাবে।

(ট) কোন উপজেলা নির্বাহী অফিসার প্রশিক্ষণে বা অন্য কোন কারণে কর্মস্থলের বাইরে থাকলে বা পদ শূন্য থাকলে সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার (ভূমি) উপজেলা নির্বাহী অফিসার এর সাময়িক দায়িত্ব পালন করবেন।

(ঠ) কোন উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার(ভূমি) দু'জন কর্মকর্তাই কোন প্রশিক্ষণে বা কর্মস্থলের বাইরে থাকলে বা দুটি পদই শূন্য থাকলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক পার্শ্ববর্তী উপজেলার উপজেলা নির্বাহী অফিসার অথবা সংশ্লিষ্ট কালেক্টরেটের সিনিয়র সহকারী কমিশনারকে উপজেলা নির্বাহী অফিসারের অতিরিক্ত দায়িত্ব প্রদান করতে পারবেন। এ ক্ষেত্রে বিভাগীয় কমিশনার তাঁকে আর্থিক ক্ষমতা প্রদান করতে পারবেন।

(ড) কোন সুনির্দিষ্ট অভিযোগ(প্রমাণিত হওয়া সাপেক্ষে) বা অন্য কোন প্রশাসনিক বা ব্যক্তিগত কারণে (পদোন্নতি, উচ্চতর পদে দায়িত্ব পালন, প্রেষণ, উচ্চতর শিক্ষা/প্রশিক্ষণ ইত্যাদি ব্যতীত) উপজেলা নির্বাহী অফিসার-কে বদলি করার প্রয়োজনীয়তা দেখা দিলে এবং তাঁর কর্মকাল যদি ০২(দুই) বছরের কম হয় সে ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মতামতসহ বিভাগীয় কমিশনার যাচাই-বাছাইয়ের জন্য গঠিত কমিটির নিকট প্রেরণ করবেন। কমিটির গঠন নিম্নরূপ হবে ঃ

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - সভাপতি |
| (২) যুগ্ম-সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (৩) যুগ্ম-সচিব (এ.পি.ডি.), সংস্থাপন মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) উপ-সচিব (ঊর্ধ্বতন নিয়োগ), সংস্থাপন মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) উপ-সচিব (মাঠ প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয় | - সদস্য সচিব |

উপরি-উক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে সংস্থাপন মন্ত্রণালয় এবং প্রযোজ্য ক্ষেত্রে বিভাগীয় কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। অসুস্থতা বা জরুরী প্রয়োজনে ১(এক) বছর পূর্ণ হলে মহিলা উপজেলা নির্বাহী অফিসারকে প্রত্যাহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঢ) ফিটলিস্টভুক্ত মহিলা কর্মকর্তাবৃন্দকে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে অধিকতর ভাল যোগাযোগ সম্পন্ন উপজেলায় পদায়নে অগ্রাধিকার প্রদান করা যাবে।

(ণ) গুরুত্বপূর্ণ উপজেলাসমূহে বদলি/পদায়নের ক্ষেত্রে কর্মকর্তাবৃন্দের কর্মদক্ষতা, মেধাক্রম, বিচক্ষণতা ও সুনাম বিবেচনা করা হবে। তবে যে সব কর্মকর্তা প্রথম পদায়নে কম গুরুত্বপূর্ণ উপজেলায় পদায়িত হবেন, পরবর্তী পর্যায়ে তাঁদেরকে অধিকতর গুরুত্বপূর্ণ উপজেলায় পদায়নে অগ্রাধিকার দেয়া যাবে। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার হিসেবে ২য় বা ৩য় কর্মস্থলে বদলির সময় অপেক্ষাকৃত গুরুত্বপূর্ণ উপজেলাসমূহে বদলির বিষয়ে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

অপর পাতায় দ্রষ্টব্য

(ঙ) কর্মকর্তাবৃন্দকে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ন্যস্ত করার সময় স্ব স্ব বিভাগ/পার্শ্ববর্তী বিভাগে পদায়নের বিষয়টি অগ্রাধিকার দেয়া যাবে;

(চ) বদলি বা পদায়নের ক্ষেত্রে যে কোন ধরনের তদবির বা যাচনা নিরুৎসাহিত করতে হবে। এ ক্ষেত্রে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ কঠোরভাবে অনুসরণ করতে হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৯/০৪/২০০৬ তারিখের মপবি/মাপসাপ্র/১(১০)/২০০৩-১৪২ সংখ্যক প্রজ্ঞাপনমূলে জারীকৃত উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের লক্ষ্যে কর্মকর্তা বাছাইয়ের জন্য সংশোধিত নীতিমালা বহাল থাকবে।

৩। এ নির্দেশনায় উল্লেখ করা হয়নি এমন কোন বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪ উপর্যুক্ত নির্দেশনা প্রণয়নের পরিপ্রেক্ষিতে এতদ্‌সংক্রান্ত পূর্বের সকল নির্দেশনা/আদেশ বাতিল বলে গণ্য হবে।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৩০/১২/১০

(ইকবাল মাহমুদ)
সচিব

নং- ০৫.১৪১.০০৫.০০.০০.০২০.২০১০-৩৫৪(১০০০)

তারিখ ঃ ১৬ পৌষ, ১৪১৭ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর, ২০১০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয় মন্ত্রণালয়।
৩. সচিব,.............................................. (সকল) মন্ত্রণালয়/বিভাগ।
৪. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, ............................ বিভাগ (সকল)।
৭. যুগ্ম-সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
৮. যুগ্ম-সচিব(এ.পি.ডি./প্রশাসন/শৃঙ্খলা ও আইন/স. ও ব্য./সি.পি.টি.), সংস্থাপন মন্ত্রণালয়।
৯. জেলা প্রশাসক.......................................(সকল)।
১০. উপ-সচিব, সি.আর./সি.পি.টি./প্রশাসন-১/স. ও ক./উ.নি./মা.প্র./উপ-সচি., উ.নি.-৩/মা.প্র.-৪ অধিশাখা, সংস্থাপন মন্ত্রণালয়।
১১. মাননীয় প্রধানমন্ত্রীর সংস্থাপন ও প্রশাসন বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব।
১২. উপ-নিয়ন্ত্রক, ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
১৩. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি., সংস্থাপন মন্ত্রণালয়ঃ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১৪. সচিবের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. সিনিয়র সহকারী সচিব, সচিবালয়/মা.প্র.-১/২/৩ শাখা, সংস্থাপন মন্ত্রণালয়।
১৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয়।
১৭. উপজেলা নির্বাহী অফিসার.......................................................(সকল)।
১৮. জনসংযোগ কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয়।
১৯. অফিস কপি/গার্ড ফাইল।

৩০/১২/২০১০

(মোঃ শওকত আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৭৪৬৩।